# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**13-04-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, নারী শক্তি বন্দন সম্মেলনে মহিলাদের সংরক্ষণের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে বলেছেন, গণতান্ত্রিক কাঠামোয় মহিলাদের অংশগ্রহণ আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

২) পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহণের জন্য মনোনয়ন পত্র প্রত্যাহারের আজই শেষ দিন। চলছে জোরদার প্রচার।

৩) ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে দুই উপ নির্বাচন কমিশনার রাজ্যে এসেছেন।

পশ্চিমবঙ্গে এসআইআর নিয়ে সুপ্রিম কোর্টে আজ আবার গুরুত্বপূর্ণ শুনানি।

৪) বিরল খনিজ পদার্থ দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে কেন্দ্রীয় কয়লা ও খনি মন্ত্রী মন্তব্য করেছেন।

৫) ইসলামাবাদে আমেরিকা-ইরান শান্তি চুক্তি ব্যর্থ হওয়ার পর মার্কিন যুক্তরাষ্ট্র ইরানি বন্দরগুলিতে অবরোধ শুরু করেছে।

৬) ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু মোসাদের পরবর্তী প্রধান নিযুক্ত করেছেন তার সামরিক সচিব মেজর জেনারেল রোমান গফম্যানকে।

৭) পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায়ে আশা ভোঁসলের শেষকৃত্য আজ বিকেলে।

৮) আইপিএল ক্রিকেটে আজ সন্ধ্যায় রাজস্থান রয়্যালস, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, গণতান্ত্রিক কাঠামোয় মহিলাদের সংরক্ষণের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে বলেছেন, মহিলাদের অংশগ্রহণ দেশের গণতন্ত্রকে আরও মজবুত করেছে। আজ নতুনদিল্লীতে নারী শক্তি বন্দন সম্মেলনের ভাষণকালে প্রধানমন্ত্রী বলেন, ভারতের নারী শক্তি জীবনের সবক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। আগামী ১৬ তারিখ থেকে সংসদের বাজেট অধিবেশনের মধ্যেই একটি বিশেষ অধিবেশনডাকা হয়েছে।

বাইট

মহিলা ও শিশু বিকাশ মন্ত্রী অন্নপূর্ণা দেবী বলেন, নারী শক্তি বন্ধন অধিনিয়ম মহিলাদের ক্ষমতায়ন, আত্মমর্যাদা এবং গণতান্ত্রিক অংশগ্রহণকে সুনিশ্চিত করবে। দেশের মেয়েরা উন্নয়নের যাত্রাপথে পতাকা বহন করে নিয়ে যাচ্ছে বলেও তিনি মন্তব্য করেন।

দিল্লীর মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা বলেন, ভারতের মহিলারা সমানাধিকার ও মর্যাদা আদায়ের জন্য দীর্ঘ সংগ্রাম পথের সাক্ষী হয়ে থেকেছে। দেশ এখন বেটি বাঁচাও বেটি পড়হাও, বেটি বাঢ়হাও যুগে প্রবেশ করেছে বলে তিনি মন্তব্য করেছেন।

------------------------

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহণের জন্য **মনোনয়ন প্রত্যাহারের আজই শেষ দিন।** এই দফায় আগামী ২৯শে এপ্রিল সাতটি জেলার ১৪২ টি বিধানসভা আসনে ভোট গ্রহণ।

গত ৯'ই এপ্রিল মনোনয়ন জমা দেওয়ার কাজ শেষ হয়। সেগুলি পরীক্ষা করে দেখার পর গৃহীত হয়েছে এক হাজার ৪৬৩ জন প্রার্থীর মনোনয়ন। দ্বিতীয় দফায় মোট ৬২ টি মনোনয়ন বাতিল হয়েছে। ভোটের ফলাফল ঘোষিত হবে, আগামী চৌঠা মে।

------------------------

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গে সঙ্গেই প্রচারাভিযান এখন তুঙ্গে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে মিটিং মিছিল জনসভা করছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ বীরভূমে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেন। তৃণমূল কংগ্রেসের অপশাসনের বিরুদ্ধে সোচ্চার হন তিনি। শ্রী শাহ বলেন, পুরসভা ও শিক্ষাক্ষেত্রে নিয়োগ, রেশন, প্রধামন্ত্রী আবাস যোজনা সহ একাধিক প্রকল্পে শাসকদলের নেতারা দুর্নীতি করেছেন। মুখ্যমন্ত্রী মহিলা হয়েও বাংলার মা-বোনেদের সুরক্ষা দিতে ব্যর্থ বলেও এদিন অভিযোগ করেন স্বরাষ্ট্র মন্ত্রী।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বীরভূমের সিউরিতে দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় অভিযোগ করেন, এসআইআর-এর পর এনআরসি করার প্রচেষ্টা করছে বিজেপি। বাংলার ইতিহাস বদলে দিতে চাইছে তারা।

CPIM কংগ্রেস প্রার্থীরাও, জনসভা এবং বাড়ি বাড়ি প্রচারে অংশ নিচ্ছেন।

অন্যতম শীর্ষ কংগ্রেস নেতা, রাহুল গান্ধী আগামীকাল এরাজ্যে নির্বাচনী প্রচারে আসছেন। তিনি উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, মালদার চাঁচল এবং মুর্শিদাবাদের সামশেরগঞ্জে নির্বাচনী সভা করবেন।

-------------------------

পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে দুই সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী এবং পবন কুমার শর্মা আজ রাজ্যে এসেছেন।

তিনদিনের এই সফরে, তাঁরা দুই বর্ধমান, হুগলী এবং উত্তর ২৪ পরগনার জেলা নির্বাচনী অধিকারিক, পুলিশ কমিশনার, জেলা পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট জেলার পর্যবেক্ষকদের সঙ্গে বৈঠক করবেন। কথা বলবেন মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের কর্তাদের সঙ্গেও।

সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার পবন কুমার শর্মা বীরভূম, মুর্শিদাবাদ, নদীয়া এবং দক্ষিণ ২৪ পরগনার জেলা আধিকারিক ও মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের শীর্ষ অধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

-------------------------

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের আগে SIR প্রক্রিয়া নিয়ে আজ সুপ্রিম কোর্টে ফের শুনানি হবার কথা। দেশের প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চে হবে এই মামলার শুনানি। ইতিমধ্যেই দু'দফার ভোটগ্রহনের জন্য ভোটার তালিকা 'ফ্রিজ়' হয়েছে শীর্ষ আদালতের তত্ত্বাবধানে এডজুডিকেশন এর পর বাদ গিয়েছে ২৭ লক্ষের বেশি নাম। ট্রাইবুনালের

রায়ে তাঁরা আবার বৈধ ভোটার হিসাবে স্বীকৃতি পেলে এবারের নির্বাচনে ভোট দিতে পারবেন কিনা তা নিয়ে আজ সিদ্ধান্ত জানাতে পারে সুপ্রিম কোর্ট। ট্রাইবুনালের কাজও শুরু হয়ে যাচ্ছে আজ থেকেই। গত শুক্রবার শীর্ষ আদালতে একটি নতুন আবেদনে সুপ্রিমকোর্ট নির্দেশিত SIR ট্রাইব্যুনালে যে সব নামের নিস্পত্তি হয়ে যাবে, তাদের ভোটাধিকার দেওয়ার পাশাপাশি সমস্ত ম্যাপড ভোটারের ভোটদান করতে দেওয়ার আর্জি জানানো হয়েছে। রাজ্যের আইনজীবীরাও আজ একই আবেদন জানাবেন বলে সূত্রের খবর।

গত শুনানিতে সুপ্রিম কোর্ট জানিয়েছিল, এই ধরনের ভোটারদের ভোটাধিকার চিরতরে হারিয়ে যাবে না। তবে এই নির্বাচনে তাঁরা ভোট দিতে পারবেন কি না, তা আদালত বিবেচনা করবে বলেও জানিয়েছিল দেশের প্রধান বিচারপতির বেঞ্চ।

পাশাপাশি মালদায় SIR এডজুডিকেশনের কাজে নিযুক্ত বিচারকদের ঘেরাও করার ঘটনায় শীর্ষ আদালত যে NIA তদন্তের নির্দেশ দিয়েছিল, সেই সংক্রান্ত মামলারও শুনানি রয়েছে আজ।

এদিকে আদালত সূত্রে খবর, গতকাল প্রাক্তন বিচারপতিরা কলকাতার জোকায় শ্যামপ্রসাদ মুখোপাধ্যায় ইনস্টিটিউট পরিদর্শনে গিয়েছিলেন। সেখানেই বসবে ট্রাইবুনাল। ১৯টির মধ্যে বেশির ভাগ বেঞ্চই বসছে আজ।

-------------------------

পশ্চিমবঙ্গের মালদার মোথাবাড়িতে বিচার বিভাগীয় আধিকারিকদের ঘেরাও ও হেনস্থার ঘটনায় দুই কংগ্রেস কর্মীকে গ্রেপ্তার করেছে এন আই এ। ধৃত শাহাদাত হোসেন এবং আসিফ শেখকে গতকালই জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠানো হয়। বক্তব্যে অসঙ্গতি মেলায় তাঁদের গ্রেপ্তার করেছে জাতীয় তদন্ত সংস্থা।

এর আগে গতকাল ISF নেতা গুলাম রাব্বানিকে তার বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়।

ঘটনার পরই পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছিল ISF প্রার্থী শাহজাহান আলি কাদেরি, আইনজীবী মোফাক্কারুল ইসলাম সহ প্রায় ৫০ জন।

-------------------------

আত্মনির্ভর ভারতের স্বপ্ন পূরণে বিরল খনিজ পদার্থ গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করে বলে, কেন্দ্রীয় কয়লা ও খনিমন্ত্রী জি কিষাণ রেড্ডী মন্তব্য করেছেন। হায়দ্রাবাদে উত্তোলন লাইসেন্স নীলামের দ্বিতীয় দফায় এবং খনিজ পদার্থের নীলামের সপ্তম দফায় তিনি বলেন, ভূ-রাজনীতি, জলবায়ু পরিবর্তন এবং অর্থনৈতিক সুরক্ষার পরিবর্তনশীল প্রেক্ষাপটে বিরল খনিজের ভূমিকা আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। এপর্যন্ত ছয় দফায় ৪৬ টি বিরল খনিহজ ব্লকের নীলাম সম্পূর্ণ হয়েছে বলে তিনি জানান।

-------------------------

ইসলামাবাদে শান্তি আলোচনা ব্যর্থ হওয়ার পর মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের নির্দেশে আজ থেকে ইরানের বন্দরগুলোতে সামুদ্রিক অবরোধ শুরু করছে মার্কিন সামরিক বাহিনী। আমেরিকার সেন্ট্রাল কমান্ড বা সেনটকম জানিয়েছে, ইরানের সমস্ত বন্দর ও উপকূলীয় অঞ্চলে যাতায়াতকারী সব জাহাজের ওপর এই অবরোধ কার্যকর হবে। তবে হরমুজ প্রণালী দিয়ে ইরান ছাড়া অন্য কোনো দেশের বন্দরে যাতায়াতকারী জাহাজ চলাচলের অনুমতি দেওয়া হবে। ওমান উপসাগর এবং হরমুজ প্রণালী সংলগ্ন এলাকায় চলাচলকারী নাবিকদের সতর্ক থাকার এবং মার্কিন নৌবাহিনীর সঙ্গে লাগাতার যোগাযোগ রাখার পরামর্শ দেওয়া হয়েছে।

প্রেসিডেন্ট ট্রাম্প এই পদক্ষেপকে ইরানের ‘পরমাণু উচ্চাকাঙ্ক্ষা’ রুখতে প্রয়োজনীয় বলে বর্ণনা করেছেন। অন্যদিকে, ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর পাল্টা হুঁশিয়ারি দিয়ে জানিয়েছে, মার্কিন বাহিনী বা তাদের মিত্রদের পক্ষ থেকে কোনো ভুল পদক্ষেপ নেওয়া হলে তার কঠোর জবাব দেওয়া হবে। ইরান দাবি করেছে, হরমুজ প্রণালীর ওপর তাদের পূর্ণ নিয়ন্ত্রণ রয়েছে। এই ঘটনাকে কেন্দ্র করে মধ্যপ্রাচ্যে উত্তেজনা নতুন করে তুঙ্গে উঠেছে।

-------------------------

সামরিক নেতৃত্বকে সঙ্গে নিয়ে গতকাল দক্ষিণ লেবাননে পৌঁছেছেন ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। তিনি জানিয়েছেন, যুদ্ধ এখনও চলছে, ইরান-সহ ইজরায়েলের শত্রুরা নিজেদের অস্তিত্ব বাঁচাতে লড়ছে। সীমান্ত পার সন্ত্রাস রুখতে ইজরায়েল লেবাননে সিকিউরিটি জোন তৈরি করেছে।

বেঞ্জামিন নেতানিয়াহুর এই লেবানন সফরে তাঁর সঙ্গে গিয়েছেন, ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রী ইজরাতেল কাটজ, আইডিএফ প্রধান লেফটেন্যান্ট ইয়েল জামির প্রমুখ।

-------------------------

ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু তার সামরিক সচিব মেজর জেনারেল রোমান গফম্যানকে মোসাদের পরবর্তী অধিকর্তা নিযুক্ত করেছেন। আগামী দোসরা জুলাই গফম্যান পাঁচ বছরের মেয়াদের জন্য ওই পদের দায়িত্বভার গ্রহণ করবেন।

-------------------------

হাঙ্গেরির সংসদীয় নির্বাচনে পরাজিত হয়েছেন প্রধানমন্ত্রী তথা ফিদেজ নেতা ভিক্টর অরবান। বিরোধী টিসজা পার্টির নেতা পিটার মাগয়ার এই নির্বাচনে বিপুল সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে।

এখনও পর্যন্ত গণনা করা ৯৮.৭৪ শতাংশ ভোটের ফলাফলে দেখা যাচ্ছে, ১৯৯টি আসনের মধ্যে পিটার মাগয়ারের দল ১৩৮টিতে জয়ী হয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। এই বিপুল জয়ের ফলে তারা দেশের সংবিধান এবং গুরুত্বপূর্ণ আইন পরিবর্তনের ক্ষমতা লাভ করল। অন্যদিকে, অরবানের ফিদেজ পার্টি পেয়েছে মাত্র ৫৫টি আসন।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, ডোনাল্ড ট্রাম্প এবং ভ্লাদিমির পুতিনের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত অরবানের এই পরাজয় ইউরোপীয় রাজনীতিতে অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

-------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, হাঙ্গেরির নির্বাচনে বিপুল জয়লাভের জন্য পিটার Magyar এবং Tisza পার্টিকে অভিনন্দন জানিয়েছেন। ভারত ও হাঙ্গেরি দীর্ঘদিনের সুগভীর মৈত্রীতে আবদ্ধ, অভিন্ন মূল্যবোধ এবং পারস্পারিক সম্মান তাদের বন্ধুত্বের ভিত্তি। দ্বিপাক্ষিক সহযোগিতাকে আরও মজবুত করতে পিটার Magyar-এর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার অপেক্ষায় আছেন বলে শ্রী মোদী মন্তব্য করেন।

-------------------------

প্রবাদপ্রতিম সঙ্গীত শিল্পী আশা ভোঁসলের শেষকৃত্য, পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় আজ বিকেল চারটের সময় মুম্বাই-এর শিবাজী পার্কে সম্পন্ন হবে।

গতকাল ৯২ বছর বয়সে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। আশা ভোঁষলের প্রয়াণে সংস্কৃতি জগতে শোকের ছায়া নেমে এসেছে।

-------------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দেশজুড়ে আজ ঐতিহাসিক জালিন ওয়ালা বাগ দিবস পালন করা হচ্ছে। ১৯১৯ সালের ১৩-ই এপ্রিল পাঞ্জাবের অমৃতসরে জালিন ওয়ালা বাগে দমন মূলক আইন, রাওলাট Act এর প্রতিবাদে এক জমায়েতে নিরস্ত্র মানুষের উপর বর্বরোচিত গুলিবর্ষণ করা হয়। বহু নিরীহ মানুষ প্রাণ হারান। স্বৈরাচারী ইংরেজ সরকারের সেনা নায়ক রেজিন্যাল্ড ডায়ার এর নির্দেশে গুলি চালিয়ে হত্যা করা হয় নিরস্ত্র মানুষকে।

প্রসঙ্গত, জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ইংরেজ সরকারের প্রদত্ত নাইট হুড উপাধি প্রত্যাখ্যান করেছিলেন।

-------------------------

১৯১৯ সালের আজকের দিনে জালিয়ানওয়ালাবাগে ব্রিটিশ রাজের গুলিতে শহিদদের স্মৃতির প্রতি প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজমাধ্যম বার্তায় শ্রী সিং বলেছেন, জালিয়ানওয়ালাবাগের শহীদদের আত্মবলিদান দেশের স্বাধীনতা সংগ্রামে বিশেষ মুহূর্ত হয়ে রয়েছে। সমগ্র দেশবাসীর সম্মিলিত বিবেক সেদিন জাগ্রত হয়ে উঠেছিল। ন্যায়, মর্যাদা এবং আত্মসম্মানের জন্য তাদের বীরত্ব প্রজন্মের পর প্রজন্ম ধরে মানুষকে অনুপ্রাণিত করে আসছে।

-------------------------

আইপিএল ক্রিকেটে আজ রাজস্থান রয়ালস, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হবে। রাজীব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে ৭ টায়।

এদিকে, গতকাল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু ১৮ রানে মুম্বাই ইন্ডিয়ান্সকে হারিয়ে দিয়েছে।

অন্য খেলায়, গুজরাট টাইটান্স, লখনউ সুপার জায়ান্টসকে ৭ উইকেটে হারিয়ে দিয়েছে।

------------------------ ------------------------